# একই পথের পথিকৃৎ

শেষ পায়ের একটু আগে
যন্ত্রণায় ভুগে চলে লোকটি
চলা শেষ হলো একদিন।
শেষ চৈত্রের সাঁজের বেলায়
নিয়ে চললাম লোকটিকে
সেই চিতার সম্মুখে।
শেষ পথের যন্ত্রণা
অর্ধপথে অনুভব করা যায় না।
এগোতে হয় আমাকেও
সেই পথ ধরে,
সময়ের সঙ্গে
মন্থর গতিতে
অন্ধের মতো।
সময় আমার পথ প্রদর্শক
আবছা আবছা চোখে
একদিন স্মরণে পড়ল
লোকটির সেই যন্ত্রণা।

শঙ্কর রায়

সৃষ্টিসন্ধান
Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com